গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**আয়কর পেশাজীবী (আই,টি,পি) নিবন্ধন পরীক্ষা-২০১৭**

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ১০০

১। সংক্ষিপ্ত উত্তর লিখুন: ১০×১= ১০

(ক) ২০১৭-২০১৮ কর বছরে মহিলা করদাতার করমুক্ত আয়ের সীমা কত? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

(খ) গাজীপুর সিটি কর্পোরেশনের একজন করদাতার জন্য ২০১৭-২০১৮ কর বছরে ন্যূনতম করের পরিমাণ কত? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

(গ) চলতি কর বছরে কোন ব্যক্তি করযোগ্য আয় থাকা সত্বেও রিটার্ন দাখিল না করলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর কোন ধারায় রিটার্ন তলব করতে হবে? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(ঘ) ব্যক্তি করদাতাদের জন্য 'Tax Day' কত তারিখে? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

(ঙ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী কর পরিদর্শক 'আয়কর কর্তৃপক্ষের' অন্তর্ভূক্ত কিনা? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(চ) আয়কর আইনে 'উপকর কমিশনার' বলতে কাকে কাকে বুঝায়? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(ছ) আয়কর আইন অনুযায়ী আয়ের খাত (Heads of income) কয়টি? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(জ) আবাসিক গৃহ সম্পত্তির আয় নিরূপণে বার্ষিক মূল্যের কত শতাংশ মেরামত খরচ বাবদ অনুমোদনযোগ্য? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(ঝ) ব্যবসায় খাতের আয় নিরূপণে একজন কর্মচারীর জন্য অনুমোদনযোগ্য পারকুইজিট এর সর্বোচ্চ পরিমাণ কত? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(ঞ) ১২ ডিজিট টিআইএন না থাকলে ব্যাংক সুদের উপর কত শতাংশ হারে উৎসে কর কর্তন করতে হয়? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

২। টীকা লিখুন: ৫×২= ১০

(ক) প্রস্তাবিত নতুন আয়কর আইনের বিষয়ে আপনার পরামর্শ;

(খ) বিনিয়োগ জনিত কর রেয়াত; [উত্তর '২১' পৃষ্ঠায় দেখুন]

(গ) কর অবকাশ (Tax holiday); [উত্তর '২১' পৃষ্ঠায় দেখুন]

(ঘ) ট্রান্সফার প্রাইসিং; [উত্তর '২১' পৃষ্ঠায় দেখুন]

(ঙ) স্পট এ্যাসেসমেন্ট। [উত্তর '২১' পৃষ্ঠায় দেখুন]

৩। জনাব তানভীর রেজা এর ২০১৬-২০১৭ আয় বছরে বেতন খাতের আয় ছিল ৪,৮০,০০০ টাকা, গৃহ সম্পত্তি খাতে আয় ছিল ২,৫০,০০০ টাকা এবং ব্যাংক সুদ খাতে আয় ছিল ৪০,০০০ টাকা। তিনি উক্ত আয় বছরে মাসিক ৬,০০০ টাকা করে ডিপিএস এ বিনিয়োগ করেন। এছাড়া তিনি ৬০,০০০ টাকায় একটি ল্যাপটপ ক্রয় করেন। তার একটি ব্যক্তিগত গাড়ী রয়েছে, যার বিপরীতে তিনি ১৫,০০০ টাকা অগ্রীম আয়কর পরিশোধ করেছেন। ব্যাংক সুদের বিপরীতে তাঁর নিকট হতে ৪,০০০ টাকা আয়কর কর্তন কর হয়। ৩০/০৬/২০১৭ তারিখে তাঁর নীট সম্পদের পরিমাণ ছিল ৩ কোটি টাকা। প্রদত্ত তথ্যের আলোকে করদাতার আয় ও করদায় সম্পর্কিত নিম্নোক্ত বিষয়াদি পরিগণনা করুন: [উত্তর '২৬৭' পৃষ্ঠায় দেখুন] ১০

(ক) মোট আয়, (খ) আয়কর রেয়াত এর পরিমাণ, (গ) নীট প্রদেয় কর, (ঘ) সারচার্জের পরিমাণ, (ঙ) রিটার্নের সাথে প্রদেয় করের পরিমাণ

৪। ইংরেজীতে প্রবন্ধ লিখুন: ১০

Good Governance and Modern Management Framework in NBR.

৫। গণমুখী ও করদাতা বান্ধব কর ব্যবস্থা গঠনে জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগ বিষয়ে আপনার মূল্যায়ন ও পরামর্শ উল্লেখপূর্বক একটি রচনা লিখুন। ১০

৬। উৎস কর কি? ধারার উল্লেখসহ উৎস করের ৮টি খাতের নাম লিখুন। কোন ব্যক্তি আয়কর আইন অনুযায়ী উৎসে কর সংগ্রহ/কর্তন ও জমাদানে ব্যর্থ হলে উপ-কর কমিশনার কি কি ব্যবস্থা গ্রহণ করতে পারেন? [উত্তর '২১৮' পৃষ্ঠায় দেখুন] [১+৪+৫]

৭। সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি কি? এ পদ্ধতিতে রিটার্ন প্রসেস ও রিটার্ন অডিট সম্পর্কিত বিধানাবলী লিখুন। [উত্তর '২১৩' পৃষ্ঠায় দেখুন] [২+৪+৪]

৮। উপ কর কমিশনারের আদেশে সংক্ষুব্ধ হলে একজন করদাতা কী কী প্রতিকার পেতে পারেন? উপকর কমিশনারের আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের বিধানাবলী কি? আপীল কর্তৃপক্ষ কর্তৃক আপীল মামলা নিষ্পত্তির সময়সীমা সম্পর্কে লিখুন। [উত্তর '১৪৯' পৃষ্ঠায় দেখুন] ১০

৯। ADR বা বিকল্প বিরোধ নিষ্পত্তি কি? ADR এ আবেদনের যোগ্যতা ও শর্তাবলী কি? ADR এর সুবিধাসমূহ উল্লেখ করুন। [উত্তর '২২১' পৃষ্ঠায় দেখুন] [২+৫+৩]

১০। জনাব গোলাম মুর্তোজার ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের নিম্নবর্নিত হিসাবের জেরগুলোকে নিয়ে একটি রেওয়ামিল তৈরি করুন: [উত্তর '৩৫৫' পৃষ্ঠায় দেখুন] ১০

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ৩,৫০,০০০ | বিবিধ পাওনাদার | ৯৫,০০০ |
| ক্রয় | ১৮,৫০,০০০ | ব্যাংক ঋণ | ৩,০০,০০০ |
| বিক্রয় | ৩২,৫০,০০০ | কুঋণ | ২৫,০০০ |
| বেতন ও মুজুরী | ৩,৬০,০০০ | কমিশন খরচ | ৪৫,০০০ |
| অফিস ভাড়া | ২,৬৫,০০০ | যন্ত্রপাতি | ৬,৬০,০০০ |
| আসবাবপত্র | ২,৭৫,০০০ | অবচয় | ৪০,০০০ |
| বিবিধ দেনাদার | ৩,৮০,০০০ | উত্তোলন | ৯৫,০০০ |

## আয়কর পেশাজীবী নিবন্ধন পরীক্ষা, ২০১১-২০১২

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ১০০

১। (ক) সংক্ষিপ্ত উত্তর লিখুন। ১২×১=১২

i. আয়কর অধ্যাদেশ ১৯৮৪ কোন তারিখ থেকে কার্যকর হয়েছে? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

ii. বাংলাদেশে প্রতি বছর কোন তারিখে 'আয়কর দিবস' পালিত হয়? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

iii. আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী ব্যক্তি করদাতাদের রিটার্ন দাখিলের শেষ তারিখ কোনটি? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

iv. আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী সর্বোচ্চ আয়কর কর্তৃপক্ষের (Income Tax Authority) নাম লিখুন। [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

v. বাণিজ্যিক গৃহ সম্পত্তি হতে আয় নিরূপণের ক্ষেত্রে 'মেরামত ও রক্ষণাবেক্ষণ' খাতে অনুমোদনযোগ্য খরচের পরিমাণ 'বার্ষিক মূল্য' (Annual Value) এর কত ভাগ? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

vi. ব্যক্তি করদাতার ক্ষেত্রে বিনিয়োগ ভাতার সর্বোচ্চ সীমা কত? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

vii. কোন করদাতার ক্ষেত্রে সর্বশেষ আয়বর্ষে কত টাকার অধিক আয় নিরূপিত হলে অগ্রিম আয়কর প্রযোজ্য হয়? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

viii. উপ-কর কমিশনার কর্তৃক ব্যক্তি করদাতার করাদেশের বিরুদ্ধে আপীল দায়েরের ক্ষেত্রে আপীল ফি এর পরিমাণ কত? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

ix. ব্যক্তি করদাতার আয়কর রিটার্নে কে স্বাক্ষর করতে পারেন? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

x. ব্যক্তি করদাতার পরিসম্পদ ও দায় বিবরণীতে প্রদর্শিত নীট সম্পদের পরিমাণ কত টাকার অধিক হলে সারচার্জ প্রযোজ্য হবে? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

xi. করমুক্ত সীমার অধিক আয় আছে এমন ব্যক্তি করদাতার ২০১২-২০১৩ কর বর্ষে ন্যুনতম প্রদেয় আয়করের পরিমাণ কত? [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

xii. ব্যক্তি করদাতার দুটি করমুক্ত আয়ের খাত উল্লেখ করুন। [উত্তর '১৭৪' পৃষ্ঠায় দেখুন]

(খ) পূর্ণরূপ লিখুন। [উত্তর '২৫১' পৃষ্ঠায় দেখুন] ৩

AIT, NBR, ADR, TIN, ITP, VAT

২। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী উত্তর দিন: ৫×২=১০

(ক) আয়ের প্রধান খাতসমূহ (Heads of Income) কি কি? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

(খ) অগ্রিম আয়কর প্রদানের কিস্তির তারিখসমূহ কি কি? [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

(গ) কর নির্ধারণ (Assessment) এর ধারাসমূহ কি কি? [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

(ঘ) 184C ধারার বিধানটি কি? [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

(ঙ) সময়মতো রিটার্ন দাখিলে ব্যর্থতার ক্ষেত্রে প্রযোজ্য জরিমানার হার কি? ভুয়া টিআইএন (করদাতা সনাক্তকরণ নম্বর) দাখিল/ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ কত টাকা জরিমানা আরোপের বিধান আছে? [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

(চ) ব্যক্তি করদাতার কর রেয়াত প্রাপ্তির জন্য যে কোন ৪টি বিনিয়োগ খাত উল্লেখ করুন। [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

(ছ) চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে বিবেচ্য এরূপ ৪টি উৎসে আয়কর কর্তনের খাত উল্লেখ করুন। [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 184A ধারা অনুযায়ী যে সকল ক্ষেত্রে টিআইএন সনদ দাখিলের প্রয়োজনীয়তা রয়েছে তার মধ্যে যে কোন ৫টি ক্ষেত্রের নাম লিখুন। [উত্তর '১৯৭' পৃষ্ঠায় দেখুন] ৫

৪। (ক) আয় বর্ষ বলতে কি বোঝায়? ২০১২-২০১৩ কর বর্ষে ব্যক্তি শ্রেণীর পুরুষ (৬৫ বছরের নীচে) করদাতার আয়ের উপর প্রযোজ্য কর হার লিখুন। ২০১২-২০১৩ কর বর্ষে মহিলা, প্রতিবন্ধী এবং ৬৫ বছর বা তদূর্দ্ধ বয়সের করদাতাদের ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা কি কি? [উত্তর '২১০' পৃষ্ঠায় দেখুন] ১+৩+২=৬

(খ) মিসেস রহমানের নিজ নামে ধানমন্ডি আবাসিক এলাকায় ৩৫০০ বর্গফুট পরিমাপের একটি ফ্ল্যাট আছে। উক্ত ফ্ল্যাটের ভাড়া বাবদ মাসিক ৫০,০০০ টাকা ভাড়া প্রাপ্ত হন। ফ্ল্যাটটি ক্রয়ে গৃহীত ব্যাংক ঋণের বিপরীতে পরিশোধিত বার্ষিক সুদের পরিমাণ ১,২৫,০০০ টাকা, পরিশোধিত পৌর করের পরিমাণ ১৮,০০০ টাকা, ভূমি কর বাবদ পরিশোধিত ৫০০ টাকা। ২০১২-২০১৩ কর বর্ষে তার গৃহ সম্পত্তি খাতে আয় ও প্রদেয় করের পরিমাণ নিরূপণ করুন।

৫। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 174 ধারা অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (Authorised Representative) বলতে কি বুঝায়? ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কারা? [উত্তর '২১১' পৃষ্ঠায় দেখুন] ২.৫+৫=৭.৫

৬। (ক) একজন সংক্ষুব্ধ ব্যক্তি করদাতা উপ-কর কমিশনারের আদেশের বিরুদ্ধে কি কি কারণে আপীল দায়ের করতে পারেন? [উত্তর '২১১' পৃষ্ঠায় দেখুন] ৫

(খ) করদাতার পক্ষে নিম্নলিখিত দলিলসমূহ সংগ্রহের জন্য একজন আইটিপি হিসেবে আপনার কি করণীয়: ৭.৫

i. টিআইএন সার্টিফিকেট
ii. কর পরিশোধ ছাড়পত্র
iii. পরিসম্পদ ও দায় বিবরণী এর অবিকল নকল

৭। কমপক্ষে ১০টি বাক্যে জাতীয় উন্নয়নে আয়করের ভূমিকা আলোচনা করুন। ৮

৮। Write an application in English to the Deputy Commissioner of Taxes in the following circumstances: ৮
The Taxpayer will not be able to submit his Return in due time since his accounts have not been prepared.

৯। সঠিক উত্তরটি লিখুন: ১০

(ক) মোট মুনাফা হলো:
(i) বিক্রয় এবং বিক্রিত পণ্যের ব্যয়ের পার্থক্য (ii) বিক্রিত পণ্যের ব্যয় + প্রারম্ভিক মজুদ পণ্য
(iii) বিক্রয় হতে ক্রয়ের পার্থক্য (iv) নীট মুনাফা হতে ব্যয়ের পার্থক্য

(খ) নিম্নের কোনটি লাভ-লোকসান হিসাবে বিবেচনা (charge) করা হয়?
(i) অফিস ভাড়া (ii) মজুরী
(iii) পণ্য ক্রয় (iv) ক্রয় পরিবহন

(গ) একটি ফার্ম ১৬,০০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সম্ভাব্য আয়ুষ্কাল ৫ বৎসর এবং উক্ত আয়ুষ্কাল শেষে মেশিনটির সম্ভাব্য বিক্রয় মূল্য ১,০০,০০০ টাকা। Straight Line Method অনুসারে মেশিনটির বার্ষিক অবচয়ের পরিমাণ কত?
(i) ৩,২০,০০০ টাকা (ii) ৩,১০,০০০ টাকা
(iii) ৩,৮০,০০০ টাকা (iv) ৩,০০,০০০ টাকা

(ঘ) একটি মেশিনের ক্রয়মূল্য টাকা ৩,২০,০০০। উক্ত মেশিনের উপর ২৫% হারে Reducing Balance Method এ অবচয় ধার্য করা হলো। দুই বৎসর পর উক্ত মেশিনের অবচিত মূল্য (Book Value) কত হবে?
(i) ১,৬০,০০০ টাকা (ii) ২,৪০,০০০ টাকা
(iii) ১,৮০,০০০ টাকা (iv) উপরের কোনটি নয়

(ঙ) পণ্য বিক্রয়যোগ্য অবস্থায় রূপান্তরের জন্য যে ব্যয় নির্বাহ করা হয় তা নিম্নের কোন হিসাবে চার্জ করতে হবে? (The costs of putting goods into a saleable condition should be charged to):
(i) ক্রয়-বিক্রয় হিসাবে (Trading Account) (ii) উদ্বৃত্তপত্রে (Balance Sheet)
(iii) লাভ-লোকসান হিসাবে (Profit & Loss Account) (iv) উপরের কোনটি নয়

(চ) নীট লাভের পরিমাণ নির্ণয় করা হয়:
(i) ক্রয়-বিক্রয় হিসাবে (ii) রেওয়ামিলে (Trial Balance)
(iii) লাভ-ক্ষতি হিসাবে (iv) উদ্বৃত্তপত্রে (Balance Sheet)

(ছ) নিম্নের কোনটি ব্যবসায়ের বিক্রয় হিসাবে বিবেচিত হয় না?
(i) অফিসের আসবাবপত্র বিক্রয় (ii) নগদে মাল বিক্রয়
(iii) বাকিতে মাল বিক্রয় (iv) যে সকল পণ্য ইতোপূর্বে ক্রয়ের অন্তর্ভুক্ত ছিল সে সকল পণ্য বিক্রয়

(জ) নিম্নের কোনটি সঠিক নয়?

| | সম্পদ (টাকা) | দায় (টাকা) | মূলধন (টাকা) |
|---|---|---|---|
| (i) | ৭,৮৫,০০০/- | ১,২৫,০০০/- | ৬,৬০,০০০/- |
| (ii) | ৯,৫৫,০০০/- | ১,১৫,০০০/- | ৮,২০,০০০/- |
| (iii) | ৮,২০,০০০/- | ২,৮০,০০০/- | ৫,৪০,০০০/- |
| (iv) | ৬,৫৪,০০০/- | ১,১২,০০০/- | ৫,৪২,০০০/- |

(ঝ) নিম্নের কোনটি দায়?

(i) যন্ত্রপাতি
(ii) পণ্য ক্রয়ের জন্য পাওনাদার
(iii) মোটর গাড়ী
(iv) হাতে নগদ

(ঞ) নিম্নের কোনটি সম্পদ নয়?

(i) দালানকোঠা
(ii) হাতে নগদ
(iii) দেনাদার
(iv) মিসেস জাহানের নিকট হতে গৃহীত ঋণ

১০। নিম্নের রেওয়ামিল (Trial Balance) হতে হাসিব এন্ড কোং এর ৩০ জুন ২০১২ তারিখে সমাপ্ত বৎসরের ক্রয়-বিক্রয় হিসাব (Trading Account) এবং লাভ-লোকসান হিসাব (Profit & Loss Account) এবং ৩০ জুন ২০১২ তারিখে উদ্বৃত্তপত্র (Balance Sheet) তৈরী করুন। ১০

| | টাকা | | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য, ১ জুলাই ২০১১ | ২,৩৬,৮০০ | দপ্তর খরচ | ২১,৬০০ |
| বিক্রয় পরিবহন | ২০,০০০ | বিদ্যুৎ খরচ | ১৬,৬০০ |
| ক্রয় পরিবহন | ৩১,০০০ | সাধারণ খরচ | ৩১,৪০০ |
| আন্তঃ ফেরত | ২০,৫০০ | দালান-কোঠা | ৫,০০,০০০ |
| বহিঃ ফেরত | ৩২,২০০ | মোটর গাড়ী | ১,৮০,০০০ |
| ক্রয় | ১১,৮৭,৪০০ | আসবাবপত্র | ৩৫,০০০ |
| বিক্রয় | ১৮,৬০,০০০ | দেনাদার | ৩,৮৯,৬০০ |
| বেতন ও মজুরী | ৩,৮৬,২০০ | পাওনাদার | ১,৭৩,১০০ |
| ভাড়া | ৩০,৪০০ | ব্যাংকে জমা | ৪৮,২০০ |
| বীমা প্রিমিয়াম | ৭,৮০০ | উত্তোলন | ১,২০,০০০ |
| মোটর গাড়ীর জ্বালানী ও রক্ষণাবেক্ষণ খরচ | ৬৬,৪০০ | মূলধন | ১২,৬৩,৬০০ |

৩০ জুন ২০১২ তারিখে সমাপনী মজুদ টাকা ২,৯৪,৬০০।

---

## ইনকাম-ট্যাক্স প্র্যাকটিশনার (আই.টি.পি) নিবন্ধীকরণ সনদ প্রদান সংক্রান্ত লিখিত পরীক্ষা

নভেম্বর, ২০০৭

নির্ধারিত সময়-১ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান-১০০, পাস নম্বর-৫০

[বাংলা অথবা ইংরেজী যে কোন একটি ভাষায় উত্তর দেয়া যাবে]

১। টীকা লিখুন:

(ক) কর অডিট (Tax Audit); [উত্তর '২১' পৃষ্ঠায় দেখুন]
(খ) করদাতার অনুমোদিত প্রতিনিধি (Taxpayer's authorized representative); [উত্তর '২২' পৃষ্ঠায় দেখুন]
(গ) করদাতা (Assessess); [উত্তর '১৪' পৃষ্ঠায় দেখুন]
(ঘ) চূড়ান্ত কর দায় (Final Settelment of tax liability); [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]
(ঙ) কোম্পানী এবং ব্যক্তি করদাতার ন্যূনতম করদায়। [উত্তর '২২' পৃষ্ঠায় দেখুন]

২। পার্থক্য নিরূপণ করুন:

(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪; [উত্তর '২৪৯' পৃষ্ঠায় দেখুন]
(খ) কর বছর (Assessment Year) এবং আয় বছর (Income Year); [উত্তর '২৪৯' পৃষ্ঠায় দেখুন]
(গ) নিবাসী করদাতা (Resident Taxpayer) এবং অনিবাসী করদাতা (Non-Resident Taxpayer); [উত্তর '২৪৯' পৃষ্ঠায় দেখুন]
(ঘ) কর ফাঁকি (Tax Evasion) এবং কর এড়াইয়া যাওয়া (Tax Avoidance); [উত্তর '২৫০' পৃষ্ঠায় দেখুন]
(ঙ) আই.টি ১০বি এবং আই.টি ১০বিবি। [উত্তর '২৫০' পৃষ্ঠায় দেখুন]

৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী আয়ের উৎস কত প্রকার ও কি কি? কোন ধারায় আয়ের উৎসগুলো বর্ণিত হয়েছে? বিনিয়োগজনিত কর রেয়াত কিভাবে হিসেব করতে হয়? [উত্তর '২৪৪' পৃষ্ঠায় দেখুন]

৪। আয়কর কর্তৃপক্ষ কারা? কোন ধারায় এর বর্ণনা রয়েছে? কোন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ কর নির্ধারণের সাথে সম্পৃক্ত? কর নির্ধারণ সংক্রান্ত ধারাগুলি উল্লেখ করুন। [উত্তর '২১৯' পৃষ্ঠায় দেখুন]

৫। লোকসান সমন্বয়ের ধারা কোনটি? কোন কোন উৎসের আয়ের সাথে ব্যবসায়ের লোকসান সমন্বয় করা যায়? ব্যবসায়ের লোকসানের জের টানার (Carry forward) নিয়ম সংক্ষেপে লিখুন। অসমন্বিত অবচয় (Un-absorbed depreciation) সমন্বয় করার সময়সীমা কি?

৬। আয়কর রিটার্ন দাখিল করা কাদের জন্য বাধ্যতামূলক? রিটার্ন দাখিল করার বিধান কোন ধারায় বর্ণিত আছে? আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে কয়টি ধারা এবং কয়টি তফসিল রয়েছে লিখুন।

৭। বেতন আয়ের কোন্ কোন্ অংশ করযোগ্য আয়ের অন্তর্ভুক্ত এবং কোন্ কোন্ অংশ করযোগ্য আয়ের বহির্ভূত থাকবে? কোন ধারায় এ বিধান বর্ণিত আছে?

৮। করযোগ্য আয় থাকা সত্ত্বেও একজন করদাতা অজ্ঞতা বশতঃ ১৯৯৬-৯৭ কর-বর্ষের রিটার্ন দাখিল করেননি। আয়কর অফিস থেকেও তাকে কোন নোটিশ করা হয়নি। তিনি এখন ঐ বছরের রিটার্ন দিয়ে আয়কর দিতে চান। তিনি কি তা পারবেন? একজন আয়কর আইনজীবি হিসেবে আপনি তাকে এ বিষয়ে যে পরামর্শ দেবেন তা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সংশ্লিষ্ট বিধানের আলোকে সংক্ষেপে লিখুন। ২০০৭-২০০৮ কর-বর্ষের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতার এবং ফার্মের আয়করের হার কি?

৯। একজন করদাতার মাসে ২৫,০০০ টাকা বাড়ী ভাড়া পান। বার্ষিক পৌরকরের পরিমাণ ১৫,০০০ টাকা। সংশ্লিষ্ট বছরে তিনি বাড়ী মেরামতে কোন খরচ করেননি। গ্রামের বাড়ীতে তাঁর ১০ বিঘা কৃষি জমি আছে। হ্যাচারি থেকে তার আয় রয়েছে ১,৫০,০০০ টাকা। তার বেতন খাতে আয় আছে যার মধ্যে মূল বেতন ১,৮০,০০০ টাকা, বাড়ীভাড়া ভাতা ১০০,০০০ টাকা, আপ্যায়ন ভাতা ২৫,০০০ টাকা। তিনি ১০০,০০০ টাকার সঞ্চয়পত্র কিনেছেন? তার মোট আয় কত হবে এবং ২০০৭-২০০৮ কর-বর্ষে তার করদায় কত হবে?

১০। (ক) ৮১ ধারায় প্রণীত কর নির্ধারণী আদেশ কোন ধরনের assessment নামে অভিহিত?
(খ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১২০ ধারায় কোন কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করা হয়েছে?
(গ) করদাতা কর্তৃক নিয়োজিত প্রতিনিধি আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর কোন ধারা বলে উপ-কর কমিশনারের কাছে শুনানী দিতে পারেন?
(ঘ) রিটার্নের ভিত্তিতে কর প্রদানের ধারা কোনটি?
(ঙ) উপ-কর কমিশনার কর্তৃক ৮৪ ধারায় কর নির্ধারণী আদেশ প্রদানের তারিখ হতে কতদিনের মধ্যে তা করদাতার কাছে পৌঁছাতে হবে?

---

**ইনকাম-ট্যাক্স প্র্যাকটিশনার (আই.টি.পি) নিবন্ধীকরণ সনদ প্রদান সংক্রান্ত লিখিত পরীক্ষা**

নভেম্বর, ১৯৯৯

নির্ধারিত সময়-১ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান-১০০, পাস নম্বর-৫০

[বাংলা অথবা ইংরেজী যে কোন একটি ভাষায় উত্তর দেয়া যাবে]

১। গৃহ সম্পত্তি হতে আয় নিরূপণের ক্ষেত্রে অনুমোদনযোগ্য বিয়োজনসমূহ আলোচনা কর। [উত্তর '৪২' পৃষ্ঠায় দেখুন]

২। করযোগ্য আয় থাকা সত্ত্বেও একজন করদাতা অজ্ঞতা বশতঃ ১৯৯৬-৯৭ কর-বর্ষের রিটার্ন দাখিল করেননি। আয়কর অফিস থেকেও তাকে কোন নোটিশ করা হয়নি। তিনি এখন ঐ বছরের রিটার্ন দিয়ে আয়কর দিতে চান। তিনি কি তা পারবেন? একজন আয়কর আইনজীবি হিসেবে আপনি তাকে এ বিষয়ে যে পরামর্শ দেবেন তা আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর সংশ্লিষ্ট বিধানের আলোকে সংক্ষেপে লিখুন। ২০০৭-২০০৮ কর-বর্ষের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতার এবং ফার্মের আয়করের হার কি?

৩। অর্থ আইন ২০১১ মোতাবেক 'ব্যক্তি' মর্যাদার করদাতার ক্ষেত্রে প্রযোজ্য আয়করের হার উল্লেখ করুন।

৪। আয়কর বিধি ১৬ মোতাবেক ঠিকাদার/সরবরাহকারীদের বিল পরিশোধকালে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ কর্তৃক উৎসে অগ্রীম কর কর্তনের হার বর্ণনা কর।

৫। উপ-কর কমিশনার কর্তৃক ৮৪ ধারায় কর নির্ধারণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর। [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

৬। ক) উচিৎ বাজার মূল্য। [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]
খ) অনিবাসী করদাতা। [উত্তর '২৫০' পৃষ্ঠায় দেখুন]
গ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ মোতাবেক আয়ের খাত (Heads of Income) কয়টি? খাতগুলির নাম লিখুন। [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]
ঘ) যে সকল আয়ের ক্ষেত্রে উৎস মূলে অগ্রীম আয়কর কর্তন করা হয় তাহাদের মধ্যে ৬ টির নাম লিখুন? [উত্তর '২১৮' পৃষ্ঠায় দেখুন]

৮। একটি কর সার্কেলে কোন কোন পদ মর্যাদার কর্মকর্তা কর নির্ধারণ (Assessment) করেন? [উত্তর '১৯৪' পৃষ্ঠায় দেখুন]

## 'গ' বিভাগ

**১। কোন করদাতার ব্যবসা অথবা পেশা খাতে আয় নিরূপণকালে নিম্নোক্ত খরচসমূহ কি অনুমোদনযোগ্য খরচ হিসাবে বিবেচিত হইবে?** [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) অথবা ক্রস (×) চিহ্ন দিন]

(ক) কোন কর্মচারীকে প্রদত্ত বেতন যাহার উপর আইন মোতাবেক উৎসে কর কর্তন কর হইয়াছে।

(খ) করদাতার ব্যবহৃত গোডাউনের জন্য বার্ষিক প্রদানকৃত ৬০,০০০ ভাড়া যাহার উপর উৎসে কোন কর কর্তন করা হয় নাই।

**২। কোন একজন 'ব্যক্তি' মর্যাদার করদাতার নিম্নোক্ত সম্পদগুলির কোন কোনটি মূলধনী সম্পদ (Capital Asset) হিসাবে গণ্য হইবে?** [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) অথবা ক্রস (×) চিহ্ন দিন]

(ক) ঢাকার বনানীতে অস্থিত ৫ কাঠা খালি জমি

(খ) একটি পাবলিক লিমিটেড কোম্পানীর ৬০ টি শেয়ার

(গ) করদাতার সারের ব্যবসায় সমাপনী মজুদ ২০ টন সার

(ঘ) বিবাহের সময় যৌতুক হিসাবে প্রদত্ত ২০ ভরি সোনার গহনা

**৩। নিম্নোক্ত তারিখসমূহে সমাপ্ত আয় বৎসরসমূহের সংশ্লিষ্ট কর বৎসর উল্লেখ করুন:**

(ক) ২৯ শে জুন ১৯৯৮

(খ) ১ লা মার্চ ১৯৯৯

(গ) ৩১ শে জুলাই ১৯৯৮

(ঘ) ৩১ শে ডিসেম্বর ১৯৯৭

**৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ মোতাবেক নিম্নবর্ণিত করদাতা/করদাতা প্রতিষ্ঠান কি কর অবকাশ পাওয়ার যোগ্য (৪৫/৪৬/৪৬এ ধারার বিধান অনুযায়ী?** [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) অথবা ক্রস (×) চিহ্ন দিন]

(ক) একটি প্লাষ্টিকের ভৈষজপত্র প্রস্তুতকারী প্রাইভেট লিমিটেড কোম্পানী

(খ) ভুষি মালের পাইকারী ব্যবসার ব্যাক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান

(গ) ঔষধপত্র আমদানীকারক একটি প্রাইভেট লিমিটেড কোম্পানী

(ঘ) একটি ব্যক্তি মালিকানাধীন পর্যটন শিল্প

**৫। অগ্রীম আয়কর প্রদানের ৪টি কিস্তির সময়সীমা (তারিখ) উল্লেখ করুন।**

১ম কিস্তি -, ২য় কিস্তি -, ৩য় কিস্তি - , ৪র্থ কিস্তি -

**৬। কে/কাহারা একজন করদাতার 'অনুমোদিত প্রতিনিধি' (Authorized Representative) হইতে পারেন?** [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) অথবা ক্রস (×) চিহ্ন দিন]

(ক) করদাতার ভাই -

(খ) একজন কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট -

(গ) করদাতার বাল্যবন্ধু -

(ঘ) বাণিজ্যে স্নাতক ডিগ্রিধারী যে কোন ব্যক্তি -

**৭। কোন কর নির্ধারণী আদেশে করদাতা সংক্ষুব্ধ হইলে তিনি কি উক্ত আদেশের বিরুদ্ধে দেওয়ানী আদালতে মামলা দায়ের করিতে পারেন?**

**৮। কে/কাহারা আয়কর অধ্যাদেশে, ১৯৮৪ মোতাবেক 'Income Tax Authorities' এর সংজ্ঞাভুক্ত?** [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) অথবা ক্রস (×) চিহ্ন দিন]

(ক) কর পরিদর্শক -

(খ) উপ-সচিব -

(গ) উচ্চমান সহকারী -

(ঘ) কর কমিশনার -

(ঙ) সহকারী কর কমিশনার -

(চ) অতিরিক্ত সহকারী কর কমিশনার -

**৯। কোন কোন ক্ষেত্রে দানকর প্রদেয় হইবে?** [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) অথবা ক্রস (×) চিহ্ন দিন]

(ক) পুত্রকে কৃতদান ১০,০০০/-

(খ) জামাতকে কৃতদান ৫০,০০০/-

(গ) ঘনিষ্ঠ বন্ধুকে কৃতদান ৫০,০০০/-

(ঘ) সরকারী হাই স্কুলে কৃতদান ৫০,০০০/-

**১০। একজন ব্যক্তির ব্যবসা বা পেশা খাতে আয় ভিন্ন অন্য কোন আয় নাই। কিন্তু তিনি হিসাবের সঠিক খাতাপত্র সংরক্ষণ করেন না। তিনি কি সার্বজনিন স্বনির্ধারণী পদ্ধতিতে তাহার আয়কর রির্টান দাখিল করিতে পরিবেন?**

## ‘ঘ’ বিভাগ

### সংশ্লিষ্ট বক্সে সংক্ষেপে উত্তর দিন

১। অর্থ আইন, ২০১১ মোতাবেক ‘ব্যক্তি’ মর্যাদার করদাতার আয়ের কর অনারোপনযোগ্য সীমা কত? [উত্তর ‘১৯৫’ পৃষ্ঠায় দেখুন]

২। বেতন আয় এর ধারা উল্লেখ করুন। [উত্তর ‘১৯৫’ পৃষ্ঠায় দেখুন]

৩। আয়কর অধ্যাদেশে, ১৯৮৪ এর ৭৫ ধারা মোতাবেক কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতাদের ক্ষেত্রে প্রতি বৎসর কোন তারিখের মধ্যে রিটার্ন দাখিল করিতে হয়? [উত্তর ‘১৭৪’ পৃষ্ঠায় দেখুন]

৪। অগ্রীম আয়কর প্রদানের ধারা কত? [উত্তর ‘১৭৫’ পৃষ্ঠায় দেখুন]

৫। কর কমিশনার (আপীল) এর আদেশের বিরুদ্ধে কোথায় আপীল দায়ের করিতে হয়? [উত্তর ‘১৯৭’ পৃষ্ঠায় দেখুন]

৬। সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি (Universel Self Assessment) কোন বিধি দ্বারা নিয়ন্ত্রিত? [উত্তর ‘১৭৫’ পৃষ্ঠায় দেখুন]

৭। Business Loss সর্বোচ্চ কত বৎসর পর্যন্ত Carry forward করা যায়? [উত্তর ‘১৭৫’ পৃষ্ঠায় দেখুন]

৮। কোন করদাতা কর্তৃক তাহার চা বাগানে চাষকৃত এবং তাহার নিজস্ব ফ্যাকটরীতে উৎপাদিত চা এর বিক্রয়লব্ধ আয় কোন খাতের (Head) আয় হিসাবে গন্য হইবে? [উত্তর ‘১৭৫’ পৃষ্ঠায় দেখুন]

৯। আয়কর অধ্যাদেশের ১৯(১৯) ধারার উল্লেখিত অতিরিক্ত অংক কোন খাতের আয় হিসাবে গন্য হইবে? [উত্তর ‘১৭৫’ পৃষ্ঠায় দেখুন]

১০। কোন প্রাইভেট লিমিটেড কোম্পানী কর্তৃক স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিলের ক্ষেত্রে পূর্ববর্তী বৎসরের আয় অপেক্ষা কত শতাংশ আয় বেশী দেখাইলে তাহা উপকর কমিশনারের নীরিক্ষা (Audit) আওতায় পড়িবে না? [উত্তর ‘১৭৫’ পৃষ্ঠায় দেখুন]

## ‘ঙ’ বিভাগ

### সত্য/মিথ্যা নির্ধারন করুন [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) দিন]

১। গ্র্যাচ্যুইটি বেতন অন্তর্ভুক্ত নহে।

২। অগ্রীম বেতন বেতনের অন্তভুক্ত হইবে।

৩। জরিমানা কর (Tax) এর অন্তর্ভুক্ত।

৪। মূলধনী সম্পদ হস্তান্তরের ক্ষেত্রে দান Transfer এর সংজ্ঞাভুক্ত হইবে।

৫। আয়কর অধ্যাদেশের ১২১ ধারায় কর কমিশনারের কোন ক্ষমতাই নাই।

৬। নির্ধারিত সময়ের মধ্যে করদাতা কর্তৃক রিটার্ন দাখিলে ব্যর্থতার কারণে ১২৪ ধারা মোতাবেক উপ-কর কমিশনার কর্তৃক জরিমানা আরোপের ক্ষেত্রে পরিদর্শী যুগ্ম/অতিরিক্ত কর কমিশনারের অনুমোদন গ্রহণ করিতে হয় না।

৭। খেলাপী কর দাতাদের (Assessee in Default) নিকট হইতে কর আদায়ের প্রয়োজনে উপকর কমিশনার করদাতার ব্যাংক হিসাব (Attach) করিতে পারেন।

৮। আপীলাত যুগ্ম কর কমিশনার আপীল মামলা নিষ্পত্তির পর ৬০ (ষাট) দিনের মধ্যে আপীলকারী করদাতার নিকট আপীল আদেশ পৌছাইবেন।

৯। তিন লক্ষ টাকার উপরে আয় এমন ‘কোম্পানী’ মার্যাদার করদাতার ক্ষেত্রে রিটার্নের সহিত সম্পদ বিবরণী দাখিল করিতে হয়।

১০। সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতনের উপর কোন কর ধার্য হয় না।

## ‘চ’ বিভাগ

### সত্য/মিথ্যা নির্ধারন করুন [সংশ্লিষ্ট বক্সে টিক (✓) দিন]

**১। বাংলাদেশে বর্তমানে আয়কর সংক্রান্ত মূল আইনের নাম—**

(ক) আয়কর আইন, ১৯২২ (খ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৫
(গ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ (ঘ) আয়কর আইন, ১৯৭২

**২। কৃষি খাতে আয় নিরুপণকালে যে সকল ক্ষেত্রে করদাতা কর্তৃক হিসাবের খাতাপত্র সংরক্ষণ করা হয় নাই সে সকল ক্ষেত্রে উৎপাদিত পণ্যের বাজার মূল্যের কত শতাংশ অনুমোদনযোগ্য উৎপাদন খরচ হিসাবে বিবেচিত হইবে?**

(ক) ৬০% (খ) ৪০% (গ) ৫০% (ঘ) ৩৩%

**৩। সাধারণ পদ্ধতিতে দাখিলযোগ্য রিটার্নের ফরম নম্বর কোনটি?**

(ক) আই.টি-১২(ঘ) (খ) আই.টি-১১(গ) (গ) আই.টি-১১(ঘ) (ঘ) আই.টি-১২(ক)

**৪। রিটার্নের ভিত্তিতে কর প্রদানের ধারা কোনটি?**
(ক) ৬৪ (খ) ৭৪ (গ) ৭৫ (ঘ) ৭৮

**৫। করদাতার সম্পদ ও দায়ের বিবরণী কোন ফরমে দাখিল করিতে হয়?**
(ক) ডব্লিউ.টি-১০ (খ) আই.টি-১০সি (গ) আই.টি-১০বি (ঘ) আই.টি-১১ বি

**৬। উপ-কর কমিশনার কর্তৃক আয়কর অধ্যাদেশের ৮১ ধারায় প্রদত্ত কোন করদাতার কর নির্ধারণী আদেশ কি ধরনের?**
(ক) Self Assessment (খ) Best Judgment Assessment
(গ) Provisional Assessment (ঘ) Presumptive Assessment

**৭। আয়কর অধ্যাদেশের ১২০ ধারায় কোন কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করা হইয়াছে?**
(ক) উপ-কর কমিশনার (খ) পরিদর্শী যুগ্ম কর কমিশনার
(গ) কর কমিশনার (ঘ) অতিরিক্ত সহকারী কর কমিশনার

**৮। কর মিমাংসা কমিশনারের আদেশের বিরুদ্ধে কোন কর্তৃপক্ষের নিকট আপীল দায়ের করা যায়?**
(ক) কর আপীলাত ট্রাইব্যুনাল (খ) কর কমিশনার (আপীল)
(গ) সদস্য (কর) জাতীয় রাজস্ব বোর্ড (ঘ) পূর্বোক্ত কোনটিই নহে

**৯। উপ-কর কমিশনার কর্তৃক ৮৪ ধারার কর নির্ধারণী আদেশ প্রদানের তারিখ হইতে কত দিনের মধ্যে তাহা করদাতার নিকট পৌছাইতে হইবে?**
(ক) ৩০ দিন (খ) ৬০ দিন (গ) ২১ দিন (ঘ) ৯০ দিন

**১০। উপ-কর কমিশনারের আদেশের বিরুদ্ধে আপীলাত যুগ্ম কর কমিশনারের নিকট আপীল দায়ের করিতে হইলে তাহার সময়সীমা কোনটি?**
(ক) কর আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৬০ দিন (খ) শুনানী প্রদানের তারিখ হইতে ৬০ দিন
(গ) কর আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৪৫ দিন (ঘ) উপ-কর কমিশনার কর্তৃক আদেশ প্রদানের তারিখ হইতে ৬০ দিন

**১১। কর আপীলাত ট্রাইব্যুনালে আপীল দায়ের ক্ষেত্রে পূর্বশর্ত মোতাবেক কর প্রদানের পরিমাণ পরিবর্তন অথবা কর প্রদান হইতে অব্যাহিত প্রদানকারী কর্তৃপক্ষের নাম কি?**
(ক) কর কমিশনার (খ) উপ-কর কমিশনার (গ) জাতীয় রাজস্ব বোর্ড (ঘ) কর কমিশনার (আপীল)

**১২। Accelerated Depreciation Allowance সর্বোচ্চ কত হারে অনুমোদনযোগ্য?**
(ক) ২৫% (খ) ৫০% (গ) ৮০% (ঘ) ১০০%

**১৩। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬ষ্ঠ সিডিউলের পার্ট 'বি' উক্ত অধ্যাদেশের কোন ধারার সহিত সংশ্লিষ্ট?**
(ক) ৪৪(১) (খ) ৪৪(২) (গ) ৪৪(৩) (ঘ) ৪৪(৫)

**১৪। গৃহ সম্পত্তি আয়ের ক্ষেত্রে উৎসে অগ্রীম কর কর্তনে অব্যাহতি প্রদানের ক্ষমতা কাহার?**
(ক) উপ-কর কমিশনারের (খ) কর কমিশনারের
(গ) জাতীয় রাজস্ব বোর্ডের (ঘ) পূর্বোক্ত কাহারও নহে

**১৫। একটি পাবলিক লিঃ কোম্পানী হইতে প্রদত্ত লভ্যাংশ (Divident) একজন করদাতার কোন খাতের আয় হিসাবে গণ্য হইবে?**
(ক) ব্যবসা অথবা পেশা (খ) সিকিউরিটিজ এর উপর সুদ
(গ) মূলধনী লাভ (ঘ) অন্যান্য সূত্র

**১৬। অর্থ আইন, ১৯৯৯ এর মাধ্যমে নব সংযোজিত ৮২ডি ধারা মোতাবেক কর নির্ধারণী পদ্ধতির শিরোনাম কি?**
(ক) Best Judgment Assessment (খ) Spot Assessment
(গ) Self Assessment (ঘ) Simplified Assessment

**১৭। একজন করদাতা ৭৫ ধারায় রিটার্ন দাখিল করিলে হিসাবের খাতাপত্র এবং দলিলাদি দাখিল করিবার জন্য উপকর কমিশনার উক্ত করদাতার উপর কত ধারার নোটিশ জারী করেন?**
(ক) ৭৮ ধারার নোটিশ (খ) ৭৭ ধারার নোটিশ (গ) ৭৯ ধারার নোটিশ (ঘ) ৮০(১) ধারার নোটিশ

**১৮। কোন করদাতা ৭৫ ধারায় নির্ধারিত সময়ে রিটার্ন দাখিল না করিলে উপকর কমিশনার ৭৭(১) ধারার নোটিশে করদাতাকে রিটার্ন দাখিল করিবার জন্য কমপক্ষে কতদিন সময় প্রদান করিতে বাধ্য?**
(ক) ৩০ দিন (খ) ৬০ দিন (গ) ৩১ দিন (ঘ) ২১ দিন

**১৯। কোন করদাতা কর্তৃক কর প্রদানে ব্যর্থতার কারণে খেলাপী করদাতা (Assessee in Default) বিবেচিত হইলে উপ-কর কমিশনার বকেয়া করের অতিরিক্ত সর্বোচ্চ কি পরিমাণ অর্থ জরিমানা হিসাবে আদায় করিতে পারেন?**

(ক) বকেয়া করের ৫০% (খ) বকেয়া করের ১০০%
(গ) বকেয়া করের ২০০% (ঘ) বকেয়া করের ৫০০%

**২০। বিধি ১৭এ মোতাবেক আমদানী পর্যায়ে উৎসে আদায়যোগ্য করের পরিমাণ আমদানী মূল্যের কত শতাংশ?**

(ক) ২% (খ) ৩% (গ) ২.৫% (ঘ) ০.০৫%

**২১। একজন করদাতা যাহার আয়ের উৎস বেতন এবং যাহাকে নিয়োগকারীর পক্ষ হইতে কোন যানবাহন প্রদান না করিয়া শুধু নগদে যাতায়াত ভাতা প্রদান করা হয় তাহার ক্ষেত্রে যাতায়াত ভাতার মধ্যে কত টাকা তাহার আয়ের সহিত যোগ হইবে না?**

(ক) ৫০০০/- (খ) ৪২০০/- (গ) ১০,০০০/- (ঘ) ২৪০০০/-

**২২। TIN কোনটির সংক্ষিপ্ত রূপ?**

(ক) Taxpayer's Income Number (খ) Taxpayer's Identification Number
(গ) Taxpayer's Index Number (ঘ) Tax Indication Number

**২৩। আমদানী পর্যায়ে উৎসে অগ্রীম কর কর্তনে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষ-**

(ক) বন্দর কর্তৃপক্ষ (খ) জাতীয় রাজস্ব বোর্ড
(গ) কর কমিশনার (ঘ) কমিশনার (শুল্ক, আবগারী ও মুসক)

**২৪। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ অন্তর্ভুক্ত সিডিউলের (Schedule) সংখ্যা-**

(ক) ৭টি (খ) ৬টি (গ) ৮টি ঘ) ৫টি

**২৫। একজন করদাতা কর্তৃক দাখিলকৃত রিটার্নের প্রেক্ষিতে শুনানীর পর উপ-কর কমিশনার কোন ধারায় কর নির্ধারণী আদেশ প্রদান করেন?**

(ক) ৮৩(২) (খ) ৮৩(১) (গ) ৮৩ (ঘ) ৮৪

---

**ইনকামট্যাক্স প্র্যাকটিশনার (আই.টি.পি) নিবন্ধীকরণ সনদ প্রদান সংক্রান্ত লিখিত পরীক্ষা**

নভেম্বর, ১৯৯৬

নির্ধারিত সময়-১ ঘন্টা ৩০ মিনিট

পূর্ণমান-১০০, পাস নম্বর-৫০

[বাংলা অথবা ইংরেজী যে কোন একটি ভাষায় উত্তর দেয়া যাবে]

১। (ক) করদাতা।
(খ) কর বছর।
(গ) নিম্নোক্ত তারিখসমূহের আয়-বর্ষ ও কর-বর্ষ উল্লেখ কর।
৩০শে জুন, ১৯৯৫
৩১শে ডিসেম্বর, ১৯৯৩
৩০শে সেপ্টেম্বর, ১৯৯৪
৩০শে জুলাই, ১৯৯২

**২। নিম্নোক্ত করদাতার রিটার্নে কে স্বাক্ষর করিবেন।**

(ক) বাংলাদেশের নিবাসী একজন ব্যক্তির রিটার্ন;
(খ) একটি কোম্পানীর রিটার্ন;
(গ) একটি অংশীদারী ফার্মের রিটার্ন।

**৩। বৎসরের কোন সময়ের মধ্যে নিম্নোক্ত করদাতার রিটার্ন দাখিল করিতে হয়।**

(ক) কোম্পানী করদাতা; (খ) অন্যান্য করদাতা।

৪। **নিম্নোক্ত করদাতাগণ কি সার্বজনিন স্ব-নির্ধারণী পদ্ধতিতে (৮২বিবি) রিটার্ন দাখিল করিতে পারেন?**
(ক) আয়কর আইনজীবী;
(খ) পাবলিক লিঃ কোম্পানী;
(গ) প্রাইভেট লিঃ কোম্পানী;
(ঘ) সরকারী কর্মকর্তা;
(ঙ) একজন সরকারী কর্মকর্তা;

৫। **নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল ব্যর্থতার ক্ষেত্রে জরিমানার পরিমাণ কত?** [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

৬। **উপ-কর কমিশনার কর্তৃক ইস্যুকৃত দাবী নোটিশ করাদেশ এবং আইটি-৩০ ইত্যাদি প্রাপ্তির কত দিনের মধ্যে আপীল দায়ের করিতে হয়?** [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

৭। **উপ-কর কমিশনার কর্তৃক কর নির্ধারণের বিরুদ্ধে আপীল দায়ের করিতে কি পরিমাণ কর পরিশোধ করিতে হয়?** [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

৮। **নিম্নোক্ত ক্ষেত্রসমূহে কোন ধারায় কর নির্ধারণ সম্পন্ন করা হয়** (পাশে প্রযোজ্য ধারাটি উল্লেখ করুন)। [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]
(ক) খাতাপত্র ও যাবতীয় প্রমাণাদি পরীক্ষার পর নিয়মিত শুনানির মাধ্যমে;
(খ) বিধিবদ্ধ নোটিশসহ মামলার শুনানীর নোটিশে করদাতা কর্তৃক সাড়া না দিলে।

৯। **সর্বশেষ নিরূপিত মোট আয় কত হইলে অগ্রীম কর পরিশোধ করতে হয়?** [উত্তর '১৯৫' পৃষ্ঠায় দেখুন]

১০। **মোট কত কিস্তিতে অগ্রিম কর পরিশোধ করতে হয়?** [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

১১। **অর্থ বৎসরের কোন কোন মাসে অগ্রিম করের কিস্তির টাকা পরিশোধ করিতে হয়?** [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

১২। **৪৫ ধারায় কর অবকাশের আবেদন কোন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হয়?** [উত্তর '১৯৬' পৃষ্ঠায় দেখুন]

১৩। **নিম্নোক্ত শ্রেণীর কর দাতাগণ কি ৪৫ ধারায় কর অবকাশের আবেদনের যোগ্য?** (পাশে 'হ্যাঁ' অথবা 'না' উল্লেখ করুন)
(ক) একজন ডাক্তার
(খ) বৃহৎ ষ্টেশনারী দোকানের মালিক
(গ) একজন নির্মাণ ঠিকাদার
(ঘ) একটি পোশাক প্রস্তুতকারক প্রাইভেট লিমিটেড কোম্পানী
(ঙ) একটি ব্যাংক
(চ) একটি ঔষধ প্রস্তুতকারক প্রাইভেট লিমিটেড কোম্পানী

১৪। **একজন করদাতার সর্বশেষ নিরূপিত মোট আয় কত হইলে তাহাকে রিটার্নের সহিত সম্পদ ও দায় এর বিবরণী দাখিল করিতে হয়?**

১৫। **নিম্নোক্ত করদাতাদের ক্ষেত্রে কি সম্পদ ও দায় এর বিবরণী প্রযোজ্য?** (পাশে 'হ্যাঁ' অথবা 'না' উল্লেখ করুন)
(ক) একজন প্রকৌশলী (যাহার সর্বশেষ নিরূপিত মোট আয় টাঃ ৩,০০,০০০)
(খ) একটি প্রাইভেট কোম্পানী (যাহার নিরূপিত আয় টাঃ ৫,০০,০০০)
(গ) একটি পাবলিক লিমিটেড কোম্পানী (যাহার সর্বশেষ নিরূপিত আয় টাঃ ৫,০০,০০০)
(ঘ) একটি অংশীদারী ফার্ম (যাহার সর্বশেষ নিরূপিত আয় টাঃ ২,০০,০০০)

১৬। **বাংলাদেশে নিবাসী একজন করদাতার প্রাপ্ত নিম্নোক্ত আয়সমূহ কি কর যোগ্য?** (পাশে 'হ্যাঁ' অথবা 'না' উল্লেখ করুন)
(ক) সরকারী কর্মকর্তার প্রাপ্ত পেনশন (টাঃ ৭৫,০০০)
(খ) প্রাইজবন্ডের পুরস্কার (টাঃ ১,০০,০০০)
(গ) আই.সি.বি. ইউনিট সার্টিফিকেটের লভ্যাংশ (টাঃ ১৫,০০০)
(ঘ) সৌদী সরকার হইতে প্রাপ্ত কনসালটেন্সী আয় (টাঃ ৫,০০,০০০)
(ঙ) কালোবাজারী হইতে প্রাপ্ত আয় (টাঃ ১,০০,০০০)

**১৭। নিম্নোক্ত শ্রেণীর করদাতাদের সম্পদের পরিমাণ ২ কোটি টাকার উর্দ্ধে হলে কি সম্পদের সারচার্জ প্রদেয়?** (পাশে 'হ্যাঁ' অথবা 'না' উল্লেখ করুন)

(ক) একজন সরকারী কর্মকর্তা
(খ) একজন ঠিকাদার
(গ) একটি প্রাইভেট কোম্পানী
(ঘ) একটি পাবলিক লিমিটেড কোম্পানী
(ঙ) একটি অংশীদারী ফার্ম
(চ) একটি হিন্দু অবিভক্ত পরিবার

**১৮। নিম্নোক্ত কর কর্তৃপক্ষগণ কি সম্পদ কর নির্ধারণেরও কর্তৃপক্ষ?** (পাশে 'হ্যাঁ' অথবা 'না' উল্লেখ করুন)

(ক) উপ-কর কমিশনার
(খ) সহকারী কর কমিশনার
(গ) অতিরিক্ত সহকারী কর কমিশনার
(ঘ) আপীলাত যুগ্ম-কর কমিশনার
(ঙ) কর কমিশনার

**১৯। কোন ব্যক্তির কৃত নিম্নোক্ত দানসমূহের ক্ষেত্রে কি দান কর প্রদেয়?** (পাশে 'হ্যাঁ' অথবা 'না' উল্লেখ করুন)

(ক) আপন ভাইকে কৃত দান (টাঃ ৫০,০০০)
(খ) কন্যাকে কৃত দান (টাঃ ৫০,০০০)
(গ) নাতি/নাতনীকে কৃত দান (টাঃ ৫০,০০০)
(ঘ) সরকারী হাসপাতালে কৃত দান (টাঃ ১,০০,০০০)
(ঙ) প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে কৃত দান (টাঃ ১,০০,০০০)